

আনন্দবাজার পত্রিকা



‘পা’য়ে ‘পা’য়ে আর এক ধাপ

নিবেদিতা দে

এই প্রথম লাইভ ক্রিকেটের মাঝে স্বয়ং অমিতাভ বচ্চন। আজ ভারত-ক্রীড়ালক্ষ্য দ্বিতীয় টি-টোয়েন্টির শুরুতেই ‘এক্সট্রা কভার’-এর খোশ ক্রিকেট-আড্ডায় বিকেল ৪টে থেকে ‘নিও ক্রিকেট’-এর লাইভ অনুষ্ঠানে দেখা যাবে তাঁকে।

খেলা হবে মোহালিতে, তবে অমিতাভ বচ্চন উপস্থিত থাকবেন মুম্বাইয়ের স্টুডিওয়। মুরলী কার্তিক ও উপস্থাপক মরভান আতাপাতুকে পাশে নিয়ে।

আজকের দিনে খেলা ও বিনোদন মিলেমিশে যখন প্রায় সমার্থক শব্দে পরিণত, যখন সচিন তেঙ্কুলকর ও হরভজন সিংহ আলাদা হলে বসে ‘পা’ দেখেন অমিতাভর ব্যবস্থাপনাতে। এবং শাহরুখ খান কিনে ফেলেন আস্ত একটা ক্রিকেট টিম, খেলা-বিনোদনের ঠিক এই ফুগলবন্দী সময়ের প্রেক্ষাপটেই স্বতঃসিদ্ধ ভঙ্গিতে বৈঠক মেজাজে দেখা দিচ্ছেন অমিতাভ।

এ যেন অনেকটা সেই রকম— শুভ লেংথ ব-ল...আগে করে এগিয়ে গিয়ে ব্যাটভারির গুপ্ত দিয়ে...

না হলে, ঠিক যে সময়ে রিলিজ করল তাঁর ছবি ‘পা’, সেই সময়ই টিভির পর্দায় নতুন রূপে তিনি দেখা দেবেন কেন।

হয়তো ছবি ধিরেই তাঁর এই আগমন, হয়তো মেপে-মেপেই সময় নির্বাচন, তবুও অমিতাভর ‘আগমন’ সব সময়ই অন্য রকম। ‘কোন বনেগা ক্রোড়পতি’র হাত ধরে ছোট পর্দাই হোক, বা হালের ‘বিগ বস’। নিত্যদিন ব্লগ-এ লেখা থেকে ‘পা’-এর মতো সাহসী ছবি করা, অমিতাভর আগমন সব সময়ই অন্য মাত্রা এনে দেয়।

আজ ভাবা যায়! এক সময়ে তিনি নিজেই কিনা নিজেকে ভারতের ক্রিকেট ম্যাচের জন্য চরম ‘অপয়া’ বলতেন! যে কারণে ফাইনাল ছাড়া সৌরভের অধিনায়কত্বে ২০০৩-এর বিশ্বকাপ ক্রিকেটে ভারতের আর কোনও খেলা পর্যন্ত দেখেননি।

আর আজ তিনিই কিনা এক ‘পা’ এগিয়ে একেবারে ‘এক্সট্রা কভার’-এ। সরাসরি।